# BDBL-eAccount

## ইউজার ম্যানুয়াল




তারিখঃ আগস্ট, ২০২২ ভার্সন ঃ ১.০০

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
BANGLADESH DEVELOPMENT BANK LIMITED
(A State Owned Commercial Bank)


# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | "BDBL-eAccount" এর ওয়েলকাম স্ক্রিন | ৩ |
| ০২ | একাউন্ট ওপেনিং ফর্ম পূরণ | ৪-৫ |
| ০৩ | NID ভেরিফিকেশন | ৬ |
| ০৪ | ব্যবহারকারীর Live Photo ভেরিফিকেশন | ৭ |
| ০৫ | প্রোডাক্ট সিলেকশন | ৮ |
| ০৬ | পারসোনাল ইনফরমেশন | ৯-১১ |
| ০৭ | নমিনি ইনফরমেশন | ১২ |
| ০৮ | ট্রান্সজেকশন প্রোফাইল (TP) ইনফরমেশন | ১৩-১৪ |
| ০৯ | Preview | ১৫-১৬ |
| ১০ | উপসংহার | ১৭ |


BDBL


# ১। “BDBL-eAccount” এর ওয়েলকাম স্ক্রিনঃ

১.১। “BDBL-eAccount” খোলার জন্য ইন্টারনেট ব্রাউজারের মাধ্যমে https://eaccount.bdbl.com.bd/ লিংকটি ভিজিট করুন অথবা Google Play Store থেকে ‘BDBL-eAccount’ অ্যাপটি মোবাইলে ডাউনলোড করে ইনস্টল করুন। লিংকটি ভিজিট করলে অথবা অ্যাপটি ওপেন করলে eAccount এর মাধ্যমে একাউন্ট খোলার পেইজ আসবে, এখান থেকে ব্যবহারকারী তার পছন্দ অনুযায়ী সেভিংস একাউন্ট, কারেন্ট একাউন্ট, এফডিআর, ডিপিএস একাউন্ট খুলতে পারবেন।



# ২। <u>একাউন্ট ওপেনিং ফর্ম পূরণঃ</u>


**২.১। একজন নতুন ব্যবহারকারী “BDBL-eAccount’ এর মাধ্যমে একাউন্ট খোলার জন্য কি কি ডকুমেন্টস প্রয়োজন তা “Required Documents” এবং FAQ অপশন থেকে জানতে পারবেন। ব্যবহারকারী তার যে মোবাইল নম্বর অথবা ই-মেইলে এসএমএস অথবা ই-মেইল পেতে চান, উক্ত মোবাইল নম্বর অথবা ই-মেইল প্রদানপূর্বক “Next” বাটনে ক্লিক করবেন।**




**২.২। ব্যবহারকারীর প্রদত্ত মোবাইল নম্বর অথবা ই-মেইলে ৬ ডিজিটের একটি OTP (One Time Password) প্রেরণ করা হবে।**

BDBL


২.৩। সফলভাবে **OTP (One Time Password)** প্রদানের পর **"Submit"** বাটনে ক্লিক করবেন। কোন কারণে **OTP** মোবাইল নম্বর অথবা ই-মেইলে না পেলে **"resend OTP"** বাটনে ক্লিক করুন।




BDBL

# ৩। NID ভেরিফিকেশনঃ


৩.১। নির্বাচন কমিশন এর মাধ্যমে NID ভেরিফিকেশন করার জন্য ব্যবহারকারীকে কার্ডের উভয় পৃষ্ঠা মোবাইল ক্যামেরা/ওয়েবক্যাম দিয়ে ক্যাপচার অথবা ব্রাউজ করে আপলোড করতে হবে। সঠিকভাবে NID কার্ডের উভয় পৃষ্ঠা আপলোড করে “Next” বাটনে ক্লিক করবেন।




BDBL

# ৪। ব্যবহারকারীর Live Photo ভেরিফিকেশনঃ

৪.১। এ পর্যায়ে, ব্যবহারকারীকে **Live Photo** ক্যাপচার করতে হবে। ব্যবহারকারী তার পছন্দ অনুযায়ী মোবাইলের সেলফি ক্যামেরা অথবা ওয়েবক্যাম ব্যবহার করে **Live Photo** ক্যাপচার করতে পারবেন। সঠিকভাবে **Photo** আপলোড করলে **“Live Photo Detected”** ম্যাসেজ দিবে, তখন **“Upload”** বাটনে ক্লিক করবেন এবং পরবর্তী ধাপে যাওয়ার জন্য **“Next”** বাটনে ক্লিক করবেন।





৪.২। ব্যবহারকারীর প্রদত্ত **NID** কার্ড ও ক্যাপচারকৃত ফটো নির্বাচন কমিশন (ইসি) সার্ভারের সাথে **Verify** করা হবে। যদি প্রদত্ত তথ্য সঠিক থাকে তবে, **NID** ভেরিফিকেশন **Successful** দেখাবে এবং পরবর্তী ধাপে যাবে।

BDBL


# ৫। <u>প্রোডাক্ট সিলেকশনঃ</u>

**৫.১। প্রোডাক্ট সিলেকশন অপশন থেকে ব্যবহারকারী তার পছন্দ অনুযায়ী কারেন্ট একাউন্ট, সেভিংস একাউন্ট খুলতে পারবেন। ব্যবহারকারীর লেনদেন কি ১,০০,০০০.০০ (এক লাখ) টাকার মধ্যে হবে (Simplified e-KYC) নাকি ১,০০,০০০.০০ (এক লাখ) টাকার বেশী (Regular e-KYC) হবে তা ব্যবহারকারীকে সিলেক্ট করে দিতে হবে। ব্যবহারকারী তার পছন্দ অনুযায়ী ব্রাঞ্চ ও কাঙ্খিত প্রোডাক্ট সিলেক্ট করবেন। পরবর্তী ধাপে যাওয়ার জন্য “Next” বাটনে ক্লিক করবেন।**




## ৬। পারসোনাল ইনফরমেশনঃ


৬.১। নির্বাচন কমিশন সার্ভারের সাথে ব্যবহারকারীর তথ্য ম্যাচিং হওয়ার পর কিছু তথ্য স্বয়ংক্রিয়ভাবে পাওয়া যাবে, ব্যবহারকারী চাইলে সেগুলো পরিবর্তন করতে পারবেন। এছাড়াও ব্যবহারকারীকে মোবাইল নম্বর, পেশা, আয়ের উৎস, জাতীয়তা, **eTIN** (যদি থাকে) ইত্যাদি তথ্য পূরণ করা ও প্রয়োজনীয় ডকুমেন্টস প্রদান করতে হবে। সকল তথ্যাদি পূরণ করে পরবর্তী ধাপে যাওয়ার জন্য **“Next”** বাটনে ক্লিক করবেন।



৬.২। এ পর্যায়ে, ব্যবহারকরীর Contact ইনফরমেশন (স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, মেইলিং এ্যাড্রেস) প্রদান করে “Next” বাটনে ক্লিক করতে হবে।




৬.৩। এ ধাপে ব্যবহারকারী কি ধরনের সার্ভিসসমূহ (চেক বুক, ডেবিট কার্ড, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল অ্যাপস, ইউটিলিটি বিল, ইত্যাদি) গ্রহণ করতে ইচ্ছুক, তার একটি তালিকা পাবেন। সেখান থেকে তিনি যে সার্ভিসসমূহ গ্রহণ করতে ইচ্ছুক সেগুলোতে ঠিক চিহ্ন দিবেন। ব্যবহারকারীর যদি FATCA, Assessment সম্পর্কিত তথ্য সঠিক থাকে তবে "Yes" বাটন সিলেক্ট করবেন অন্যথায় "No" বাটন সিলেক্ট করে "Next" বাটনে ক্লিক করবেন।




# ৭। <u>নমিনি ইনফরমেশনঃ</u>

**৭.১। নমিনি ইনফরমেশন ধাপে, ব্যবহারকারী পছন্দ অনুযায়ী এক বা একাধিক নমিনি যুক্ত করতে পারবেন। সে ক্ষেত্রে ব্যবহারকারীকে নমিনি'র ছবি ক্যাপচার অথবা ব্রাউজ অপশন থেকে ছবি Upload করতে হবে এবং নমিনি'র নাম, জন্মতারিখ, ব্যবহারকারীর সাথে সম্পর্ক, শেয়ার পারসেন্টেজ, ইত্যাদি তথ্য দিতে হবে। পরবর্তীতে নমিনি'র NID কার্ড ক্যাপচার অথবা ব্রাউজ অপশন থেকে NID কার্ড আপলোড করতে হবে। Minor নমিনির ক্ষেত্রে Legal Guardian's তথ্যাদি যেমনঃ Legal Guardian এর ছবি, NID, Permanent Address ইত্যাদি প্রদান করে "Next" বাটনে ক্লিক করবেন।**



# ৮। ট্রান্সজেকশন প্রোফাইল (TP) ইনফরমেশনঃ

৮.১। ব্যবহারকারী একক সর্বোচ্চ লেনদেন, মাসিক, মোট কি পরিমান, কত বার, কিভাবে (কোন পদ্ধতিতে) টাকা জমা/উত্তোলন করবেন সে সংক্রান্ত তথ্য পূরণ করতে হবে। সকল তথ্যাদি পূরণ করে “Next” বাটনে ক্লিক করবেন।





**৮.২। এ ধাপে, ব্যবহারকারী তার Signature আপলোড করবেন। ব্যবহারকারী চাইলে ক্যাপচারকৃত Signature অথবা ব্রাউজ করে Signature Upload করতে পারবেন।**



# ৯। **Preview:**

৯.১। এ ধাপে ব্যবহারকারী তার ও নমিনি'র প্রদত্ত সকল ইনফরমেশন এর একটি **Preview** দেখতে পারবেন এবং কোন তথ্য সংশোধন করার প্রয়োজন মনে হলে সেখানে পরিবর্তন করতে পারবেন। **Preview** ধাপে সকল ইনফরমেশন সঠিক থাকলে **"Terms & Conditions"** চেক বক্সে এ ঠিক চিহ্ন দিয়ে **"Submit"** বাটনে ক্লিক করবেন।





Application for Account Opening

Preview

**Nominee Information Preview**

**Nominee 1**

Name of Nominee: Tanusree Dhar
Date of Birth: 27-11-1990
NID No.: [illegible]
Relationship with Applicant: Wife
Percentage: 100
Permanent Address: Hishia Madhya para,KISHORGANJ,BAJITPUR,DHAKA-2337

Nominee NID Font

Nominee NID Back

**Transaction Profile**

| | Deposit Amount | | | Withdrawal Amount | | |
|---|---|---|---|---|---|---|
| | Number of Transaction | Total Amount (BDT) | Maximum Per Transaction (BDT) | Number of Transaction | Total Amount (BDT) | Maximum Per Transaction (BDT) |
| Cash (including Online deposit) | 1 | 25000 | 25000 | 1 | 25000 | 25000 |
| Transfer/Instruments | 1 | 25000 | 25000 | 1 | 25000 | 25000 |
| Foreign Inward Remittance | 0 | 0 | 0 | 0 | 0 | 0 |
| Export Proceeds | 0 | 0 | 0 | 0 | 0 | 0 |
| Share Market | 0 | 0 | 0 | 0 | 0 | 0 |
| Others | 0 | 0 | 0 | 0 | 0 | 0 |

**Applicant's Signature**


I have read and accepted the terms & conditions *

Submit

BDBL

# ১০। উপসংহারঃ

১০.১। এ ধাপে ব্যবহারকারীকে ধন্যবাদ জানিয়ে **Tracking** নম্বরসহ একটি **SMS** ব্যবহারকারীর মোবাইলে/ই-মেইলে প্রেরণ করা হবে এবং অ্যাপ্লিকেশনটি সঠিকভাবে **Submit** করা হয়েছে এবং **Approval** এর অপেক্ষা করতে বলা হবে। ব্যবহারকারী চাইলে একাউন্ট অ্যাপ্লিকেশন ফর্মটি **"Download"** করতে পারবেন।




১০.২। **"BDBL-eAccount"** অ্যাপটির মাধ্যমে ব্যবহারকারী খুব সহজে কয়েক মিনিটের মধ্যেই নিজে নিজে ঘরে বসে একাউন্ট খুলতে পারবেন।

BDBL

১০.৩। **"BDBL-eAccount"** মোবাইল অ্যাপ/ওয়েব অ্যাড্রেস লিংক ব্যবহার সংক্রান্ত যে কোন সমস্যার জন্য আইটি সিস্টেম ডিপার্টমেন্টে যোগাযোগ করুন।

মোবাইল: ০১৩২২৮৮১১৮৩, ০১৩২২৮৮১১৮৪, ০১৩২১২১২১১৬